পর্যবেক্ষকের প্রশিক্ষণ সহায়িকা

ভোটার লিস্ট প্রদর্শণীর সময়কাল পর্যবেক্ষণ এবং সমীক্ষা

Election Working Group

আমাদের টীমে স্বাগতম

অভিনন্দন! ইলেকশন ওয়াকিং গ্রুপ (ই ডব্লিউ জি) আয়োজিত ২০১২ সালের ‘‘ ভোটার তালিকা প্রদর্শনী সময়কালের পর্যবেক্ষণ সমীক্ষায়’’ আপনাকে একজন পর্যবেক্ষক হিসাবে বেছে নেয়া হয়েছে।

পর্যবেক্ষণ নির্বাচনী প্রক্রিয়ার বিশেষ নিরপেক্ষ উপাদান হয়তবা সবচাইতে নিরপেক্ষ উপাদান। এটা ইতিবাচক ও নিরপেক্ষ পরিবর্তনের জন্য সুশীল সমাজ দল গুলোকে সমস্ত প্রয়োজনীয় তথ্যাদি সবররাহ করে এই পর্যবেক্ষণ।

যদি পর্যবেক্ষকেরা একটি মানসম্পন্ন কাজ করেন তাহলে এই সমীক্ষা অনুসারে ই.ডব্লিউ.জি সহায়ক এবং অর্থবহ সুপারিশ করতে পারবেন। যদি পর্যবেক্ষকরা অথবা তথ্য সংগ্রহকারীরা মানসম্পন্ন কাজ করতে না পারেন, ই.ডব্লিউ. জি কোন ইতিবাচক বা উপকারী অথবা সংস্কার মূলক ভূমিকা রাখতে পারবে না। ফলে নির্বাচনী প্রক্রিয়াতে অথবা পরিবর্তন অথবা সংস্কার ও সম্ভব হবে না।

ভোটার তালিকা প্রদর্শন সময়কালে আপনি অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ করবেন এবং নিম্নলিখিত তিনটি বিষয়কে কাজে লাগাবেন :

- তালিকা থেকে ব্যক্তি ফর্ম
- ব্যক্তি থেকে তালিকা ফর্ম
- পর্যবেক্ষকের চেকলিস্ট বা যাচাই তালিকা

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি যে তথ্য সংগ্রহ করবেন তা যেন সবসময় নির্ভুল এবং সম্পূর্ণ হয়। একজন পর্যবেক্ষক হিসেবে, সম্পূর্ণ এবং সঠিক তথ্য সংগ্রহ করা আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেজন্য পর্যবেক্ষণ প্রক্রিয়াতে প্রতিটি ফর্ম সম্পূর্ণ ও নিখুঁতভাবে পূরণ করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। আপনার চমৎকার সেবার জন্য ই.ডব্লিউ.জি আপনাকে অগ্রিম ধন্যবাদ জানাচ্ছে।

আপনিই ই.ডব্লিউ.জি-এর প্রতিনিধি

আপনি যে তথ্য সংগ্রহ করবেন তা ই.ডব্লিউ.জি এর সম্পদ এবং উক্ত প্রতিষ্ঠানই এসব তথ্যের একমাত্র ব্যবহারকারী। কোন সরকারী অফিস অথবা অন্যান্য প্রতিষ্ঠান অথবা দল এই তথ্যের ভাগিদার হবেন না অথবা ব্যবহারের অধিকার পাবেন না। আপনি যে তথ্য সংগ্রহ করবেন তা অন্য কোন ব্যক্তি বা দল এমন কি সরকারী কোন প্রতিনিধির সঙ্গেও সহভাগিতা করবেন না।

ই.ডব্লিউ.জি

বাংলাদেশে ইলিকেশন ওয়ার্কিং গ্রুপ (ই.ডব্লিউ.জি) একটি বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক নেটওয়ার্ক যা প্রায় ৩০টি সুশীল সমাজের প্রতিষ্ঠানের সমন্বয়ে কাজ করছে। ২০০৬ সাল থেকে ই.ডব্লিউ.জি নির্বাচন পর্যবেক্ষণ করছে এবং আগামী ২০১৪ সালে জাতীয় নির্বাচনের প্রতিটি ক্ষেত্রেও পর্যবেক্ষণ করবেন তারা। এই পর্যবেক্ষণের আওতায় ভোটার নিবন্ধন প্রক্রিয়া এবং ভোটার তালিকা প্রদর্শনী সময়কালও অন্তর্ভুক্ত।

কৃতজ্ঞতা

বেশকিছু দাতা সংস্থার উদার আর্থিক সহায়তা এবং দি এশিয়া ফাউন্ডেশন ইন বাংলাদেশ এর কারিগরি সহায়তার জন্য ই.ইউ.জি কৃতজ্ঞ। এই সকল সহায়তার ফলেই এই প্রকল্পটি বাস্তবায়ন সম্ভব হয়েছে। ই.ইউ.জি সেইসঙ্গে ফ্রি এন্ড ফেয়ার ইলিকেশন নেটওয়ার্ক (এফ.এ.এফ.ই.এন- www.fafen.org) কে ধন্যবাদ জানাচ্ছে। উল্লেখ্য যে, এফ.এ.এফ.ই.এন একটি ইসলামাবাদ ভিত্তিক প্রতিষ্ঠান যাদের প্রশিক্ষণ নির্দেশিকা বিশেষভাবে সহায়কমূলক ছিল। এই নির্দেশিকাটি সংকলন করেছেন কনসালটেন্ট এশলী বার এবং ন্যাশনাল কোর্ডিনেটর সাইফুল হক, এবং কারিগরি সহায়তা দিয়েছেন সিনিয়র ইকোনমিষ্ট ফারুক এ. চৌধুরী।

এই নির্দেশিকার উদ্দেশ্যেসমূহ

গবেষণার মাধ্যমে প্রকাশিত হয়েছে যে, সাক্ষাৎকার গ্রহণকারীর একটি দক্ষতা বা গুণ খুবই গুরুত্বপূর্ণ বা উপকারী যা এই সমীক্ষাকে সফল করবে এবং যারা সমাজের সমস্যার সমাধানের চেষ্টা চালিয়ে যাচ্ছেন তাদের জন্য সহায়ক হবে। গুণটি হল সাক্ষাৎকার প্রদানকারী অথবা উত্তরদাতাদের সহায়তা অর্জন করে নেওয়া। এই গুণটি সমীক্ষার সবচাইতে গুরুত্বপূর্ণ নিয়ামকের একটি। ই.ডব্লিউ.জি এর সফলতার জন্য নির্ভূল এবং সম্পূর্ণ তথ্য যোগাড় করবার দক্ষতা আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রতিটি তথ্য সংগ্রহ অনন্য অর্থাৎ আলাদা প্রক্রিয়া এবং এই সংগ্রহের জন্য আলাদা ও বিশেষ নির্দেশনা রয়েছে । যদিও আপনি অন্যান্য প্রজেক্টে তথ্য সংগ্রহকারী অথবা সাক্ষাৎকার গ্রহণকারী হয়েও থাকেন, কিংবা পরিদর্শক অথবা গণনাকারী ছিলেন, তারপরও এটা আবশ্যক যে, আপনি এই স্টাডি এবং প্রজেক্টের বিশেষ নির্দেশাবলীর সঙ্গে অত্যন্ত বিশেষভাবে পরিচিত হন। যদি কেউ সাক্ষাৎকার গ্রহণের সাধারণ নীতিগুলো পর্যালোচনা করেন এবং সেই সঙ্গে নির্দিষ্ট স্টাডিগুলোর নির্দেশনাগুলো দেখে নেন তাহলে সবচাইতে অভিজ্ঞ পর্যবেক্ষক এবং সাক্ষাৎকার গ্রহণকারী ও কার্যকর ভাবে তথ্য যোগাড় করতে সক্ষম হবেন।

আত্মবিশ্বাসী সাক্ষাৎকারগ্রহণকারী এবং উপাত্ত সংগ্রহকারী সার্ভেতে সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করার এই কাজে সর্বাধিক সফল হবেন। এই নির্দেশিকা এবং প্রশিক্ষণ সেশনগুলো এমন ভাবে সাজানো হয়েছে যেনো আপনি আত্মবিশ্বাসী এবং কার্যকর সাক্ষাৎকার গ্রহণকারী হতে পারেন। যে যে গুনাবলী বা দক্ষতা কাউকে ভালো বা সুদক্ষ পর্যবেক্ষক এবং তথ্যসংগ্রহকারী হিসেবে গড়ে তোলে তা নিম্নে উল্লেখিত হলো।

এই নির্দেশিকাতে যে উপকরণ দেয়া আছে তা আপনি প্রশিক্ষণের পূর্বে, প্রশিক্ষণ চলকালে এবং প্রশিক্ষণ পরবর্তীতে ব্যবহার করতে পারবেন যেন আপনি আত্মবিশ্বাসী হয়ে উঠেন এবং সম্পূর্ণ নির্ভূল তথ্য সংগ্রহ করতে পারেন।

একজন উত্তম পর্যাবেক্ষক হলেন :

- ভালো যোগাযোগ স্থাপনকারী
- তার রয়েছে ভাল কথাপোকথন এবং বিভিন্ন পর্যায়ের ব্যক্তির সঙ্গে আলাপচারিতার দক্ষতা।
- তিনি ধৈর্যশীল ও অধ্যবসায় করেন কিন্তু কখনোই চরমভাবাপন্ন হয়ে ওঠেন না।
- তিনি সমালোচক নন।
- তিনি ব্যক্তিগত মতামত এবং নিজের বিশ্বাসকে আড়াল করতে সক্ষম।
- জীবনের প্রতিটি পর্যায়ের মানুষের সঙ্গে স্বাচ্ছন্দে কাজ করতে পারেন।
- স্বাধীনভাবে কাজ করতে সক্ষম।
- নতুন পরিস্থিতিতে দ্রুত খাপ খাইয়ে নিতে পারেন।
- একটি উত্তম কার্যনীতি অনুসরণ করেন।
- সুদৃঢ় আয়োজক ও প্রতিষ্ঠানিক কাজে দক্ষ।
- বিস্তারিত অথবা খুঁটিনাটি বিষয়ে মনোযোগ দিতে পারেন।
- অন্য মানুষের জীবনযাপন কেমন এবং তারা কি ধারণা পোষণ করেন সে বিষয়ে যথেষ্ট আগ্রহী।

ই.ডব্লিউ.জি পর্যবেক্ষকের কাজ

ই.ডব্লিউ. জি ভোটার তালিকা প্রর্দশনীর সময়সীমা এবং সমীক্ষা চলাকালে, আপনি একটি নির্ধারিত উপজেলায় কাজ করবেন। এই উপজেলাতে তিনজন পর্যবেক্ষক কাজ করবেন। আপনি সপ্তাহে (৬) ছয় দিন কাজ করবেন (শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত) সকাল ৮.৩০ হতে বেলা ৪.৩০ পর্যন্ত প্রতিদিন করে দুই সপ্তাহ কাজ করতে হবে আপনাকে।

জানুয়ারী ৬ থেকে বৃহস্পতিবার জানুয়ারী ১৭ পর্যন্ত আপনার কার্যক্রম চলবে।১৯শে জানুয়ারীতে আপনাকে আপনার সব ফর্মগুলো সুপারভাইজারের কাছে জমা দিতে হবে। **যদি ১৯শে জানুয়ারীর মধ্যে আপনার নিকট যত ফর্ম রয়েছে বা জমা হয়েছে তা সুপারভাইজারের কাছে জমা না দেন তাহলে আপনার সেবার জন্য যে সম্মানী ধার্য করা হয়েছে তা আপনি পাবেন না।**

ধাপ # ১:

প্রথম দিনটিতে (জানুয়ারী ৬) বাংলাদেশ ইলেকশন কমিশনের (বি.ই.সি) উপজেলা অফিসে আপনার টিমের তিনজন পরিদর্শককেই যেতে হবে।

পর্যবেক্ষক#১ : বি.ই.সি উপজেলা অফিসে সারাদিন করে ৩ দিন থাকবেন (জানুয়ারী ৬ থেকে জানুয়ারী ৮) । ঐ অফিসে আপনার ব্যক্তিগত ও সরাসরি পর্যবেক্ষণগুলোর ঘটনা লিপিবদ্ধ করুন। প্রতিদিন পর্যবেক্ষক #১ একটি পর্যবেক্ষক চেকলিস্ট পূরণ করবেন। আপনি সেই সঙ্গে বি.ই.সি কর্মকর্তাদের পরিদর্শক চেকলিস্ট অনুযায়ী কিছু প্রশ্ন করবেন।

পর্যবেক্ষক চেকলিস্ট পূরণ করতে বি.ই.সি অফিসে ৮.৩০ থেকে ৪.৩০ পর্যন্ত থাকুন

- প্রতিটি প্রশ্ন পূর্বেই পড়ে নিন।
- চেকলিস্টের উপরের অংশ সম্পূর্ণ ভাবে পূরণ করুন।
- নোট নিন যে কোন সময় অফিসটি খুললো বা কাজ শুরু করল, কোন বিরতি নিলে তা কখন নেয়া হয়েছিল (অর্থাৎ কখন অফিস বন্ধ করা হয়) এবং দিন শেষে কখন অফিসের কাজ সমাপ্ত করা হয়।
- ১-৩৮ পর্যন্ত আপনার নিজের পর্যবেক্ষণ অনুযায়ী প্রতিটি প্রশ্নের উত্তর লিখুন।
- বি.ই.সি কর্মচারী বা কর্মকর্তাদের সঙ্গে আলাপ করে ৩৯-৫১ এর প্রতিটি প্রশ্নের উত্তর আদায় করে নিন।

পর্যবেক্ষণ #১ এই ৩ দিন সেই সঙ্গে সময় নেবেন যেন ‘‘ লিস্ট থেকে ব্যক্তি’’ ফর্ম (পুরুষ) এবং (নারী) এই উভয়ের সাদা অংশ নিম্নের নির্দেশনা অনুযায়ী পূরণ করবেন।

একই সঙ্গে জানুয়ারী ৬ এ, পর্যবেক্ষক #২ এবং পর্যবেক্ষক #৩ উপজেলা অফিসে বি.ই.সি কর্মকর্তাদের সহায়তা চাইবেন যেন পুরুষ ভোটার তালিকা এবং মহিলা ভোটার তালিকা এই উভয় যাচাই করে দেখতে পারেন। ভোটার লিস্ট থেকে টিমের প্রতিটি পর্যবেক্ষক ১০ জন নিবন্ধিত পুরুষ ভোটারের নাম এবং তাদের বিস্তারিত তথ্য ‘‘লিস্ট হতে ব্যক্তি’’ (পুরুষ) ফর্মের সাদা অংশে এবং ১০ জন নিবন্ধিত মহিলা ভোটারকে ‘‘লিস্ট থেকে ব্যক্তি’’ মহিলা ফর্মের সাদা অংশে লিপিবদ্ধ করবেন।

বি.ই.সি উপজেলা অফিসে ‘‘ লিস্ট থেকে ব্যক্তি’’ ফর্ম পূরণ করতে হলে-

- পুরুষ ও মহিলা ভোটার লিস্ট হতে অত্যন্ত সতকর্তার সাথে প্রতি লাইন পূরণ করুন।
- শুধুমাত্র ফর্মের সাদা অংশগুলো পূরণ করুন। ধূসর অংশগুলোতে কোন কিছু পূরণ করার দরকার নেই।
- ফর্মের সাদা অংশগুলো নির্ভূল এবং সম্পূর্ণভাবে পূরণ করুন।

ভোটারদের কোন সিরিয়াল নং প্রত্যেক পরিদর্শনকারী অনুসরণ করবে তার তালিকা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে নিম্নে তা প্রদর্শিত হলো। আপনার প্রথম কর্মদিবসে যত দ্রুত সম্ভব এই কাজটি শেষ করতে হবে।

প্রতিটি এনজিও, প্রতি উপজেলায় তিনটি ইউনিয়ন বেছে নেবেন (শহরের কোন ওয়ার্ড বেছে নেয়া হবে না)। একজন পর্যবেক্ষক প্রতিটি ইউনিয়নের জন্য মনোনিত হবে। প্রতি ইউনিয়নে প্রায় ৫,০০০ থেকে ১০,০০০ ভোটার আছে।

পুরুষ এবং মহিলা উভয় নিবন্ধিত ভোটারের জন্য নিম্নলিখিত সিরিয়াল নং অনুযায়ী পর্যবেক্ষক #১, #২ এবং #৩ খুঁজে বের করতে হবে।

Observer # 1		**Observer #2**		**Observer #3**	
1.	#100	1.	#100	1.	#100
2.	#200	2.	#200	2.	#200
3.	#300	3.	#300	3.	#300
4.	#400	4.	#400	4.	#400
5.	#500	5.	#500	5.	#500
6.	#600	6.	#600	6.	#600
7.	#700	7.	#700	7.	#700
8.	#800	8.	#800	8.	#800
9.	#900	9.	#900	9.	#900
10.	#1000	10.	#1000	10.	#1000

যখন পর্যবেক্ষক #২ এবং পর্যবেক্ষক #৩ জানুয়ারীর ৬ তারিখে এই কাজ সম্পূর্ণ করবেন, সাথে সাথে পরবর্তী ধাপের কাজ শুরু করতে হবে।

ধাপ #২

তিন দিন (৩), জানুয়ারী ৬ থেকে জানুয়ারী ৮, পর্যবেক্ষক # ২ এবং পর্যবেক্ষক ৩ মনোনিত ইউনিয়ন বিভিন্নস্থানে গমন করবেন। প্রতিটি পর্যবেক্ষক ”লিস্ট থেকে ব্যক্তির” ফর্মগুলোর তথ্য অনুযায়ী (পুরুষ) অথবা (নারী) প্রতিটি নিবন্ধিত ভোটারের বসত বাড়িতে যাবেন। **উপরের তালিকা থেকে কোন ভোটরের বদলে অন্য ভোটার নেবেন না। আপনাকে অবশ্যই তালিকা অনুযায়ী নির্দিষ্ট ভোটারের বাড়ীতে যেতে হবে।**

”লিস্ট থেকে ব্যক্তির” ফর্মগুলোর তথ্য অনুযায়ী (পুরুষ) অথবা (নারী) যে কোন একজন প্রথম ভোটারের বাসায় আপনি যাবেন এবং ঐ ভোটারের বসতবাড়ির যেকোন একজন নিবন্ধিত ভোটারকে আপনি প্রশ্ন করবেন। আপনি আপনার ফর্মগুলোতে এক লাইনে (ONE LINE) যে বিস্তারিত তথ্য লেখেছেন তা নিশ্চিত করবেন এবং উভয় ফর্মে যেকোন ভুল তথ্য থাকলে তা নোট নিবেন।

”লিস্ট থেকে ব্যক্তি” ফর্মগুলো বাড়িতে গিয়ে পূরণ করতে হলে:

- বাড়ির যে কোন পুরুষ নিবন্ধিত ভোটারের সঙ্গে কথা বলুন।
- প্রাপ্ত তথ্যগুলো দিয়ে উভয় ফর্মের ধূসর অংশগুলো পূরণ করুন।
- ফর্মের সকল ধূসর অংশগুলো নিখুঁত ও সম্পূর্ণভাবে পূরণ করবেন।

ধাপ #৩

ঐ একই তিন (৩) দিনের মধ্যে (জানুয়ারীর ৬ থেকে ৮), প্রতিবার আপনি যখন লিস্ট থেকে ব্যক্তি (পুরুষ) অথবা (মহিলা) থেকে প্রাপ্ত ঠিকানা অনুযায়ী যেকোন বাড়িতে যাবেন, তখন একই সঙ্গে একটি প্রতিবেশীর বাড়িতেও আপনি যাবেন। আপনি একটি তালিকা থেকে ব্যক্তির ফর্ম অনুযায়ী যখন এক লাইন (ONE LINE) পূরণ করবেন, তখন আপনি ডান দিকে উল্লেখিত পঞ্চম (৫ম) বাড়িতে যাবনে। ঐ বাড়িতে আপনি ব্যক্তি থেকে তালিকা ফর্মের সাদা অংশ এক লাইনে পূরণ করুন। **আপনি যদি পঞ্চম (৫ম) বাড়িতে কোন নিবদ্ধিত ভোটার খুঁজে না পান, তাহলে আপনি ৬ষ্ঠ বাড়িতে যাবেন**।

বসতবাড়িতে ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্ম পূরণ করতে হলে:

- বসতবাড়ীর যেকোন নিবন্ধিত ভোটারের সঙ্গে কথা বলুন।
- যেসব নতুন বাড়ীতে যাবেন তাদের প্রত্যেকটিতে (ONE LINE) এক লাইন খুব সতর্কতার সাথে পূরণ করবেন।
- শুধুমাত্র ফর্মের সাদা অংশগুলো পূরণ করবেন। ধূসর অংশগুলোতে কোন কিছু লিখবেন না।
- ফর্মের সমস্ত সাদা অংশ **নিখুঁত ও সম্পূর্ণভাবে** পূরণ করবেন।

ধাপ#৪

এরপর আপনি লিস্ট থেকে ব্যক্তি (পুরুষ) অথবা (মহিলা) অনুযায়ী পরবর্তী সুবিধাজনক বাড়িতে যাবেন। এই রকম ভাবে কাজ চলবে যতক্ষন না আপনি লিস্ট থেকে ব্যক্তি ফর্মগুলোর যেকোন (১০) দশটি নাম যাচাই করে দেখা শেষ করবেন এবং ব্যক্তি থেকে লিষ্ট ফর্মে সাদা অংশে আরো (১০) দশটি নাম পূরণ করবেন।

ধাপ#৫

জানুয়ারীর ৯ তারিখে, পর্যবেক্ষক #২ বি.ই.সি উপজেলা অফিসে (৩) তিন দিনের জন্য ফিরে আসবেন (জানুয়ারী ৯, জানুয়ারী ১০ এবং জানুয়ারী ১৩, শুক্রবার বিশ্রাম নিয়ে এবং শনিবার দিন ভ্রমন করে যখন বিইসি অফিস বন্ধ)। যখন পর্যবেক্ষক ২ বিইসি অফিসে থাকবেন, এই পর্যায়ে কাজ হবে বাড়ি থেকে সংগৃহিত ১০ (দশটি) নাম ভোটার লিস্ট অনুযায়ী যাচাই করে নিশ্চিত হওয়া। এবং ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্মের সাদা অংশগুলো পূরণ করা।

এই পর্যায়ের প্রতিদিন পর্যবেক্ষক #২ পর্যবেক্ষকের যাচাই তালিকা (চেকলিস্ট) পূরণ করবেন তার ব্যক্তিগত, সরাসরি অভিজ্ঞতা প্রাপ্ত এবং অফিসের ঘটনাগুলোর উপর ভিত্তি করে। পর্যবেক্ষকের চেকলিস্ট অনুযায়ী পর্যবেক্ষক #২ বি.ই.সি কর্মকর্তাকে কিছু প্রশ্ন করবেন।

পর্যবেক্ষক #৩ তার কাজ আরো চার (৪) টি দিন করবেন (জানুয়ারী ৯ থেকে ১৩, শুক্রবার বিশ্রাম নিয়ে) পর্যবেক্ষক #৩ মনোনীত ইউনিয়ন বিভিন্ন স্থান ঘুরে দেখতে থাকবেন যেন, ''লিস্ট থেকে ব্যক্তি ''তালিকা (পুরুষ) এবং (মহিলা) ১০টি চুড়ান্ত নামগুলো যাচাই করতে এবং ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্মে ১০টি নতুন নাম লিপিবদ্ধ করতে পারেন।

পর্যবেক্ষক#১, জানুয়ারী ৯ হতে ধাপ#২ এর সম্পূর্ণ প্রক্রিয়া শুরু করবেন, মনোনীত ইউনিয়ন বিভিন্ন অংশ ঘুরে সবগুলো নাম যাচাই করবেন। এবং লিস্ট থেকে ব্যক্তি ফর্মে (পুরুষ) এবং (মহিলা) সেই সঙ্গে ব্যক্তি থেকে লিস্ট ফর্মের সাদা অংশগুলো পূরণ করবেন।

ধাপ#৬

জানুয়ারী ১৪ তারিখে, পর্যবেক্ষক#৩ চার (৪) দিনের জন্য বি.ই.সি উপজেলা অফিসে ফিরে আসবেন (জানুয়ারী, ১৪ থেকে ১৭) যেন ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্মের ২০টি নামের প্রতিটি যাচাই করে নিশ্চিত করার জন্য।

এই পর্যায়ের প্রতিদিন, পর্যবেক্ষক#৩ পর্যবেক্ষকের যাচাই তালিকা (চেকলিস্ট) পূরণ করবেন তার ব্যক্তিগত, সরাসরি অভিজ্ঞতাপ্রাপ্ত এবং অফিসের ঘটনাগুলোর ওপর ভিত্তি করে। পর্যবেক্ষণ চেকলিস্ট অনুযায়ী আপনি বি.ই.সি কর্মকর্তাকে কিছু প্রশ্ন করবেন।

পর্যবেক্ষক#২ আবারো তিন (৩) দিনের জন্য (জানুয়ারী ১৪ থেকে ১৬) মনোনীত ইউনিয়ন বিভিন্ন অংশ ঘুরে তার কাজ শুরু করবেন, যেন ''লিস্ট থেকে ব্যক্তি'' (পুরুষ) এবং (মহিলা) উভয় ফর্মে ১০টি নাম যাচাই করে দেখতে পারেন এবং ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্মে সাদা অংশে আরো ১০টি নাম এবং তাদের বিস্তারিত সংগ্রহ করতে পারেন।

পর্যবেক্ষক #১ আরো তিনদিন (জানুয়ারী ১৪-১৬) মনোনীত ইউনিয়নে ভ্রমন করে কাজ করবেন যেন ''লিস্ট থেকে ব্যক্তি'' ফর্ম গুলোতে (পুরুষ) এবং মহিলা এবং বাকী নামগুরো যাচাই করে দেখতে পারেন এবং ''ব্যক্তি থেকে লিস্ট'' ফর্মের সাদা অংশে বাকী লাইনগুলো পূরণ করতে পারেন।

ধাপ-#৭

১৭ই জানুয়ারীতে প্রত্যেকজন পর্যবেক্ষক বি.ই.সি উপজেলার অফিসে কাজ করবেন। পর্যবেক্ষক #১ এবং #২ ”ব্যক্তি থেকে লিস্ট” ফর্মের ধূসর অংশগুলোর পূরণ করবেন ভোটার লিস্টের বিস্তারিত তথ্যে দেখে যাচাই করার পর।

প্রত্যেক পর্যবেক্ষকের কার্যক্রমের ক্যালেন্ডারের সারাংশ নিম্নে দেখুনঃ

Date	**Observer # 1**	**Observer #2**	**Observer #3**
January 6	In BEC Office	Travel	Travel
January 7	In BEC Office	Travel	Travel
January 8	In BEC Office	Travel	Travel
January 9	Travel	In BEC Office	Travel
January 10	Travel	In BEC Office	Travel
January 11	Rest	Rest	Rest
January 12	Travel	Travel	Travel
January 13	Travel	In BEC Office	Travel
January 14	Travel	Travel	In BEC Office
January 15	Travel	Travel	In BEC Office
January 16	Travel	Travel	In BEC Office
January 17	In BEC Office	In BEC Office	In BEC Office
January 19	All Forms Due	All Forms Due	All Forms Due

জানুয়ারী ১৭ তারিখের শেষে ৩ জন পর্যবেক্ষকের কাছে ৩টি সম্পূর্ণ ফর্ম থাকবেঃ ‘‘লিস্ট থেকে ব্যক্তি’’ ফর্ম (পুরুষ) ‘‘লিস্ট থেকে ব্যক্তি’’ ফর্ম (মহিলা) এবং ‘‘ব্যক্তি থেকে লিস্ট’’ ফর্ম। প্রতিটি ফর্মের সাদা অংশ ও ধূসর অংশ সম্পূর্ণ থাকবে। প্রতিটি পর্যবেক্ষক তাদের সুপারভাইজারের কাছে সবগুলো ফর্ম জমা দেবেন জানুয়ারীর ১৯ তারিখের মধ্যে।

সুপারভাইজারের কাছে দ্রুত সকল ফর্ম জমা দিন!